



মডেল জাতিসংঘ

অধিবেশনের মাধ্যমে

তরুণদের উদ্দীপ্তকরণ

ইউনিক ঢাকা এ বছর জাতিসংঘ দিবস উদযাপন উপলক্ষে একটি যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করে। এরই পরিচালনায় বাংলাদেশে এই প্রথমবারের মতো এবং বেশ সাফল্যের সঙ্গে স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে একটি মডেল জাতিসংঘ অধিবেশন অর্থাৎ সাধারণ পরিষদের একটি মডেল উপস্থাপন করা হয়। এ ব্যাপারে বাংলাদেশ জাতিসংঘ যুব ও ছাত্র সমিতি (UNYSAB) ও জাতিসংঘ সমিতি (UNAB) তথ্য কেন্দ্রকে সহায়তা দেয়। অবশ্য এমন একটি অনুষ্ঠানের আয়োজন করা সহজ ছিল না। উপযুক্ত ও আগ্রহী ছাত্র-ছাত্রীদের নির্বাচন, প্রয়োজনীয় তথ্য সরবরাহ, অনুশীলন ও মহড়া ইত্যাদি বিভিন্ন বিষয়ে কষ্টসাধ্য ও সময়সাপেক্ষ প্রস্তুতি নিতে হয়। এক পর্যায়ে জাতিসংঘ যুব ও ছাত্র সমিতির সদস্যদের জাতিসংঘ অধিবেশন সম্পর্কে ধারণা দেওয়ার জন্য তথ্য কেন্দ্রের উদ্যোগে কয়েকটি আলোচনা সভার ব্যবস্থা করা হয়। একটি সভায় আমন্ত্রিত হয়ে বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞ এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের একাধিক অভিজ্ঞ মহাপরিচালক বক্তব্য রাখেন। তথ্য কেন্দ্রকে মূল মডেল অধিবেশনের সঙ্গে বাংলাদেশ সরকারের মন্ত্রীবর্গ, পররাষ্ট্র মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা, জাতিসংঘ সংস্থাসমূহের প্রধানগণ জাতিসংঘ সংশ্লিষ্ট এনজিওসমূহের প্রতিনিধিদের জড়িত করে অনুষ্ঠানটি তাৎপর্যপূর্ণ করার প্রয়াস চালানো হয়। অপরদিকে স্থানীয় বাস্তবতার ও তথ্য কেন্দ্রের সীমাবদ্ধতার কারণে অনেক চিন্তাভাবনার পর আলোচ্য অধিবেশনকালে সাধারণ পরিষদের কিছু রীতিনীতি বাদ দেওয়া হয়।

২৪ অক্টোবর থেকে ২৬ অক্টোবর পর্যন্ত ৩ দিনব্যাপী উদযাপনের অংশ হিসেবে মডেল জাতিসংঘ অধিবেশনে সর্বমোট ৫০টি বিতর্কিত দল অংশগ্রহণ করে এবং তিনজনের একেকটি দল একেকটি দেশের প্রতিনিধিত্ব করে। বাংলাদেশের বিভিন্ন স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীদের নিয়ে এসব দল গঠিত হয়। মডেল জাতিসংঘ সাধারণ পরিষদের সন্ত্রাস সংক্রান্ত বিশেষ অধিবেশনটি যখন ঢাকাস্থ জাতিসংঘ মিলনায়তনে অনুষ্ঠিত হয় তখন উপস্থিত বহু সংখ্যক ছাত্র-ছাত্রী, শিক্ষক ও অভিভাবক ও সর্বোপরি অংশগ্রহণকারীদের মধ্যে অভূতপূর্ব প্রাণচাঞ্চল্য লক্ষ্য করা যায়। প্রতিটি দলের পুরোভাগে স্ব-স্ব দেশের পতাকা ও নাম সম্বলিত ব্যানার থাকায় এক উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়। এ শিক্ষাপ্রদ অথচ বিনোদনমূলক অনুষ্ঠানটি উপস্থিত অনেকেরই মনে গভীরভাবে রেখাপাত করে।

